

advertisement

জাবি ভিসিকে দ্বিতীয় দিনেও কালোপতাকা প্রদর্শন

জাবি প্রতিনিধি

২৪ সেপ্টেম্বর ২০১৯ ০০:০০ | আপডেট: ২৪ সেপ্টেম্বর ২০১৯ ০০:৩৩



শহুরে খবর এবং মিশন
আমাদের মমতা

advertisement

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে ভর্তি পরীক্ষার মধ্যে দ্বিতীয় দিনের মতো কালোপতাকা দেখিয়ে ভিসি অধ্যাপক ফারজানা ইসলামের পদত্যাগ দাবি করেছেন আন্দোলনরত শিক্ষক-শিক্ষার্থীরা। গতকাল সোমবার দুপুর ১টার দিকে সমাজবিজ্ঞান অনুষদের সামনে এ কালোপতাকা প্রদর্শন করা হয়। এ সময় ‘দুর্নীতির বিরুদ্ধে জাহাঙ্গীরনগর’-এর শিক্ষক-শিক্ষার্থীরা জাবি ছাত্রলীগকে অর্থ প্রদান ও দুর্নীতির অভিযোগে ভিসিকে পরীক্ষাকেন্দ্রে অবাঞ্ছিত ঘোষণা এবং ১ অক্টোবরের মধ্যে সসম্মানে পদত্যাগ করতে বলেন।

কর্মসূচিতে দর্শন বিভাগের অধ্যাপক কামরুল আহসান, অধ্যাপক রায়হান রাইন, অধ্যাপক আব্দুল জব্বার হাওলাদার, অধ্যাপক আনোয়ারগ্লাহ ভুঁইয়া, অধ্যাপক নূরুল ইসলাম, অধ্যাপক শামীমা সুলতানা, অধ্যাপক মির্জা তাসলিমা সুলতানা, অধ্যাপক নাজমুল হাসান তালুকদার, অধ্যাপক তারেক রেজা, সহকারী অধ্যাপক রেজাউল রাকিবসহ বিভিন্ন বিভাগের শিক্ষক-শিক্ষার্থী উপস্থিত ছিলেন। এদিকে আন্দোলনকারীদের কালোপতাকা প্রদর্শন ও অবাঞ্ছিত করার বিষয়টিকে আমলে না নিয়ে ভিসি ফারজানা ইসলাম নিজের কাজ নিজে করে যাচ্ছেন। গতকাল দুপুরে ‘এইচ’ ইউনিটের পরীক্ষা চলাকালে তিনি পদার্থবিজ্ঞান ভবনে পরীক্ষা

পরিদর্শন করতে যান।

এ সময় ভিসির সঙ্গে প্রোভিসি (শিক্ষা) অধ্যাপক নূরুল আলম, ট্রেজারার অধ্যাপক শেখ মণ্ডুরুল হক, রেজিস্ট্রার রহিমা কানিজ, প্রষ্ঠের আ স ম ফিরোজ-উল হাসান উপস্থিত ছিলেন।

এ বিষয়ে আন্দোলনের অন্যতম সংগঠন মো. দিদার বলেন, ‘আমরা ভর্তি পরীক্ষায় কোনো বিঘঁস সৃষ্টি করতে চাই না। আমরা ভিসিকে পরীক্ষাকেন্দ্রে অবাঞ্ছিত করেছি, কিন্তু তিনি মানছেন না। তিনি সুকৌশলে ‘সমাজবিজ্ঞান ও কলা অনুষদ’ ভবনের মতো বড় পরীক্ষাকেন্দ্রগুলোয় না গিয়ে গোপনে ছোট কেন্দ্রগুলোয় উপস্থিত হয়ে নিজের অবস্থান জানান দিচ্ছেন। আমরা এর তীব্র প্রতিবাদ জানাচ্ছি।